



ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি

গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯

ফোনঃ ৮৮০-২-৭৭৮৯৪৫৮, ৭৭৮৮৪৪৩; ফ্যাক্সঃ ৮৮০-২-৭৭০১৬৩৬

সূত্র: ৩৯.০৬.২৬৭২.০০১.১৪.০০১.১৮/১৩৪

তারিখ: ০৭/০২/২০১৮

নিয়োগ বিজ্ঞপ্তি

কৃষি গবেষণা ফাউন্ডেশন (KGF) এর অর্থায়নে ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি) এর এনিমেল বায়োটেকনোলজি বিভাগে পরিচালিত “Study on zoonotic diseases of pets and assessment of risk factors of commonly occurred zoonoses for better management” শীর্ষক গবেষণা প্রকল্পের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে প্রকল্পকালীন সময়ের জন্য লোক নিয়োগ করা হবে-

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	সাকুল্য বেতন
১।	রিসার্চ এসোসিয়েট	০১	প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে বিজ্ঞানে স্নাতক ডিগ্রীধারী হতে হবে।	২০,০০০/- (বিশ হাজার)

শর্তাবলী:

- আগ্রহী প্রার্থীকে আগামী ২৮/০২/২০১৮ তারিখের মধ্যে জীবনবৃত্তান্ত, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি রঞ্জীন ছবি, শিক্ষাগত যোগ্যতার সকল সনদ ও নম্বরপত্র, জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি, মোবাইল ফোন নম্বর, ইমেইল (যদি থাকে) ইত্যাদি আবেদনপত্রের সাথে সংযোজন করে আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর অফিসে সরাসরি/ডাকযোগে পৌঁছাতে হবে। উল্লেখ্য যে, ২৮/০২/২০১৮ তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগ পরীক্ষা (মৌখিক) ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি, গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকায় অনুষ্ঠিত হবে। পরীক্ষার তারিখ আবেদনপত্রে উল্লেখিত মোবাইল ফোন নম্বরে যোগাযোগ করে জানিয়ে দেয়া হবে।
- প্রার্থীর বয়স ২৮/০২/২০১৮ তারিখে ৩০ বৎসরের মধ্যে হতে হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- পরীক্ষার সময় সকল সনদ ও নম্বরপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
- নির্বাচিত প্রার্থীর চাকুরির মেয়াদ যোগদানের তারিখ হতে শুধুমাত্র চাকুরি ত্যাগ পর্যন্ত/প্রকল্পকালীন সময়ের জন্য হবে। প্রকল্প শেষে চাকুরি স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে।
- চাকুরি ত্যাগের কমপক্ষে ০১ (এক)মাস পূর্বে কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। কর্তৃপক্ষও ১ মাসের নোটিশে চাকুরি হতে অব্যাহতি দিতে পারবে।
- সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(ড. জাহাঙ্গীর আলম)

চীফ সায়েন্টিফিক অফিসার

এনআইবি

এবং

প্রধান গবেষক

“Study on zoonotic diseases of pets

..... management” শীর্ষক প্রকল্প

ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি

গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯

ফোন: ০১৭১২৮১৯০৯৮